# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৬৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫০. দু’ হাত দু’ হাঁটুর উপর রাখা

باب وَضْعِ الْيَدَيْنِ عَلَى الرُّكْبَتَيْنِ

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَبِي يَعْفُورٍ، - قَالَ أَبُو دَاوُدَ وَاسْمُهُ وَقْدَانُ - عَنْ مُصْعَبِ بْنِ سَعْدٍ، قَالَ صَلَّيْتُ إِلَى جَنْبِ أَبِي فَجَعَلْتُ يَدَىَّ بَيْنَ رُكْبَتَىَّ فَنَهَانِي عَنْ ذَلِكَ، فَعُدْتُ فَقَالَ لاَ تَصْنَعْ هَذَا فَإِنَّا كُنَّا نَفْعَلُهُ فَنُهِينَا عَنْ ذَلِكَ وَأُمِرْنَا أَنْ نَضَعَ أَيْدِينَا عَلَى الرُّكَبِ

- صحيح : ق

বাংলা

৮৬৭। মুস’আব ইবনু সা’দ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমি আমার পিতার পাশে দাঁড়িয়ে সালাত আদায়কালে আমার দু’ হাত দু’ হাঁটুর মাঝখানে রাখলে তিনি আমাকে এরূপ করতে নিষেধ করেন। কিন্তু আমি পুনরায় এরূপ করলে তিনি আমাকে বলেনঃ এরূপ করো না, কেননা পূর্বে আমরাও এরূপ করতাম; কিন্তু আমাদেরকে এরূপ করতে নিষেধ করা হয় এবং আমাদের হাঁটুর উপর হাত রাখার নির্দেশ দেয়া হয়।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

Mus’ab b sa’d said:
I prayed by the side of my father. I put both of my hands between my knees(in bowing condition). He prohibited me from it. I then repeated; so he said: Do not do so, because we used to do so. But we were prohibited to do that, and commanded to put our hands on the knees.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ দু’ হাঁটুর উপর হাতের কব্জি রাখা, হাঃ ৭৯০), মুসলিম (অধ্যায় : মাসাজিদ), নাসায়ী (অধ্যায় : তাত্ববীক্ব, অনুঃ তা রহিত হওয়া সম্পর্কে, হাঃ ১০৩১)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ মুস‘আব ইবনু সা‘দ (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58185

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন